যুগান্তর

তারিখ 25 SEP 2017
পৃষ্ঠা ১৮ কলাম ৪

# ঢাবি অ্যালামনাই সম্মাননা পাচ্ছেন ৭ বিশিষ্ট নাগরিক

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

প্রথমবারের মতো প্রবর্তিত ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন সম্মাননা ও স্বর্ণপদক-২০১৭ পাচ্ছেন দেশের ৭ বিশিষ্ট নাগরিক। আগামী ১ অক্টোবর বিকাল সাড়ে ৩টায় বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনের অ্যালামনাই ফ্লোরে অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ৬৯তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে তাদের এ স্বর্ণপদক প্রদান করা হবে।

রোববার বিকালে বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনস্থ অ্যালামনাই ফ্লোরে ৭ বিশিষ্ট নাগরিকের নাম ঘোষণা করেন অ্যাসোসিয়েশনে সভাপতি একে আজাদ চৌধুরী। স্বর্ণপদকপ্রাপ্তরা হলেন ইমেরিটাস অধ্যাপক ড. সুলতানা সারওয়াতারা জামান, ইমেরিটাস অধ্যাপক ড. আবদুল মতীন, ইমেরিটাস অধ্যাপক ড. সিরাজুল ইসলাম চৌধুরী, ইমেরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামান, ইমেরিটাস অধ্যাপক ড. নাজমা চৌধুরী, ইমেরিটাস অধ্যাপক ড. আবুল কালাম আজাদ চৌধুরী এবং সাবেক বিচারপতি ও অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রতিষ্ঠাতা সভাপতি বিচারপতি মোহাম্মদ ইব্রাহিম।

আগামী ১ অক্টোবর বিকাল সাড়ে ৩টায় বিশ্ববিদ্যালয়ের অ্যালামনাই ফ্লোরে এ সম্মাননা ও স্বর্ণপদক প্রদান করা হবে।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সহ-সভাপতি মুনিরা খান, মহাসচিব রঞ্জন কর্মকার, যুগ্ম মহাসচিব আশরাফুল হক নিপু, প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক উম্মে বাতুল মাহমুদা খাতুন মিনা প্রমুখ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............
তারিখ..............
কার্যার্থে/জ্ঞাতার্থে